# Bhatter College

Dantan,Paschim Medinipur

Dept:-Music

Professor Name:-Dr. Santanu Tewari

Semester-IV

**Music Honours-2020**

**C8T:-History of Indian Music-II(Theoretical)**

## Course Contents

07. Detailed theoretical knowledge of the following Ragas and Comparative study of similar type of Ragas:-

- **Marwa**

**1) Marwa-Purbi** **2) Marwa –Sohini** **3) Puria-Marwa**

Dated:-18.04.2020

Santanu Tewari

Signature of H.O.D

## ।। জয়জয়ন্তী - দেশ।।

### সাদৃশ্য

১। দু'টি রাগ খাম্বাজ ঠাটের অন্তর্গত ও অবরোহে কোমল নি প্রয়োগ হয়ে থাকে। ২। দুটি রাগের প্রকৃতি শান্ত। ৩। দুটি রাগই রাত্রি দ্বিতীয় প্রহরে পরিবেশিত হয়। ৪। দুটি রাগই পূর্বাঙ্গবাদী রাগ। ৫। দুটি রাগের বাদী -সমবাদী যথাক্রমে 'রে' ও 'প' এবং পঞ্চম স্বরটি প্রবল।

### বৈসাদৃশ্য

**জয়জয়ন্তী**

১। এই রাগ পরমেল প্রবেশক রাগ।

২। এই রাগে অবরোহ গতিতে কোমল গ প্রয়োগ হয়।

৩। এই রাগে খেয়াল, ধ্রুপদ, ধামার হলেও ঠুংরী গান হয় না।

৪। এই রাগের জাতি সম্পূর্ণ-সম্পূর্ণ।

৫। এই রাগের বাদী-সমবাদী সর্বসম্মত 'রে' ও 'প'।

৬। সা নি ধ, নি রে ও নি ধ প রে এই স্বরবিন্যাস মহত্ত্বপূর্ণ।

৭। ন্যাসস্বর - রে, ম ও প।

৮। পকড় - রে গ রে সা, নি ধ প রে।

**দেশ**

১। এই রাগ পরমেল প্রবেশক রাগ নয়।

২। এই রাগে কোমল 'গ' প্রয়োগ হয় না।

৩। এই রাগে ধ্রুপদ, ধামার ঠুংরী এবং অন্যান্য হালকা চালের গান গাওয়া হয়ে থাকে।

৪। এই রাগের জাতি ঔড়ব-সম্পূর্ণ।

৫। এই রাগের বাদী-সমবাদী 'রে' ও 'প' ভিন্নমতে 'প' ও'রে'।

৬। প ধ প, ম গ রে, রে গ নি সা এই স্বরসঙ্গতি মহত্ত্বপূর্ণ।

৭। ন্যাসস্বর - রে ও প।

৮। পকড় - রে, ম প, নি ধ প, পধ পম, গ রে গ সা।

## ।। মারবা - পূর্বী।।

### সাদৃশ্য

১। দুটি রাগেরই রে স্বর কোমল ও ম তীব্র। ২। দুটি রাগই সায়ংকালীন সন্ধি প্রকাশ রাগ। ৩। দুটি রাগই পূর্বাঙ্গবাদী রাগ। ৪। দুটি রাগই হ'ল আশ্রয় রাগ।

### বৈসাদৃশ্য

**মারবা**

১। এই রাগ মারবা ঠাটের অন্তর্গত।

২। এই রাগের জাতি ষাড়ব-ষাড়ব।

৩। এই রাগের বাদী-সমবাদী যথাক্রমে 'রে' ও 'ধ'।

৪। এই রাগের প্রকৃতি চঞ্চল।

**পূর্বী**

১। এই রাগ পূর্বী ঠাটের অন্তর্গত।

২। এই রাগের জাতি সম্পূর্ণ-সম্পূর্ণ।

৩। এই রাগের বাদী-সমবাদী যথাক্রমে-'গ' ও 'নি'।

৪। এই রাগের প্রকৃতি শান্ত ও করুণ রসাত্মক।





৫। এই রাগে পঞ্চম স্বর বর্জিত ও তীব্র মধ্যম গুরুত্বপূর্ণ।

৬। এই রাগে শুদ্ধ ধ গুরুত্বপূর্ণ এবং সমবাদী স্বর।

৭। এই রাগে রে স্বরটি বাদী স্বর এবং বিশেষ বৈচিত্রপূর্ণ।

৮। এই রাগের স্বরগুলি সোজাভাবে লাগান হয়ে থাকে ও মীড় সাধারণতঃ করা হয় না।

৯। রে নি ধ ম ও ধ ম গ, রে নি ধ সা এই স্বরসঙ্গতি বিশেষ গুরুত্বপূর্ণ।

১০। ন্যাসস্বর - রে, গ ও ধ।

১১। পকড় - ধ মগ ম, গ, রে, সা।

৫। এই রাগে পঞ্চম স্বর ও দুই মধ্যম প্রয়োগ হয়ে থাকে।

৬। এই রাগে কোমল ধ প্রয়োগ হয়, কোন কোন মতে ও বিষ্ণুপুর ঘরাণায় শুদ্ধ ধা প্রয়োগ দেখা যায়।

৭। এই রাগে 'গ' স্বরটি গুরুত্বপূর্ণ এবং বাদী স্বর।

৮। এই রাগের স্বরগুলিতে মীড়ের প্রাধান্য বেশী।

৯। নি সা রে গ ম গ মপ ম গ ম গ রে সা। এই স্বরসঙ্গতি বিশেষ গুরুত্বপূর্ণ।

১০। ন্যাসস্বর - গ, প ও নি।

১১। পকড় - নি রে গ, ম প, ম গ, ম গ রে সা।

## ।। মারবা - সোহিনী।।

### সাদৃশ্য

১। দুটি রাগই মারবা ঠাটের অন্তর্গত। ২। দুটি রাগেই 'রে' কোমল, ম তীব্র এবং 'প' স্বরটি বর্জিত। ৩। দুটি রাগেরই জাতি ষাড়ব-ষাড়ব। ৪। সন্ধি প্রকাশ রাগের স্বরের স্বরূপ (রে কোমল, গ শুদ্ধ) বর্তমান থাকায় দুটি রাগই সন্ধিপ্রকাশ রাগ। ৫। দুটি রাগেরই প্রকৃতি চঞ্চল।

### বৈসাদৃশ্য

**মারবা**

১। এই রাগে বাদী-সমবাদী যথাক্রমে 'রে' এবং 'ধ'।

২। ইহা পূর্বাঙ্গবাদী রাগ, মন্দ্র ও মধ্য সপ্তকে এর বিচরণ বেশী।

৩। এই রাগে রে স্বরটি বিশেষ মহত্ত্বপূর্ণ এবং প্রয়োগ এই প্রকার রে নি ধ ম ধ নি রে নি ধ সা।

৪। এই রাগে মীড় প্রয়োগ হয় না এবং স্বরগুলি সোজাভাবে লাগানো হয়।

৫। এই রাগটি সায়ংকালীন সন্ধিপ্রকাশ রাগ

৬। আরোহে নি এবং অবরোহে রে বক্রভাবে লাগানো হয়।

**সোহিনী**

১। এই রাগের বাদী-সমবাদী যথাক্রমে 'ধ' এবং 'গ'।

২। এই রাগ উত্তরাঙ্গবাদী রাগ, মধ্য ও তার সপ্তকে এর বিচরণ বেশী।

৩। এই রাগে সাঁ স্বরটি বিশেষ রঞ্জকতাপূর্ণ এবং এর প্রয়োগ সাঁ রেঁ সাঁ রেঁ সাঁ নি সাঁ এইভাবে হয়।

৪। এই রাগে মীড় প্রয়োগ হয়।

৫। এই রাগটি প্রাতঃকালীন সন্ধিপ্রকাশ রাগ।

৬। এই রাগে বক্রস্বর নেই।

৭। পকড় - ধ ম̍ গ ম̍, গ, রে, সা।

৮। ন্যাসস্বর - রে, গ ও ধ।

৭। পকড় - সাঁ নি ধ, নি ধ গ, ম̍ ধ নি সাঁ রে নি ধ,ম̍ গ ম̍ ধ নি সাঁ রেঁ সাঁ।

৮। ন্যাসস্বর - গ, ধ ও সাঁ

## ।। পূরিয়া - সোহিনী ।।

### সাদৃশ্য

১। দুটি রাগই মারবা ঠাটাশ্রিত। ২। দুটি রাগের রে কোমল ও ম̍ স্বরটি তীব্র ও প বর্জিত। ৩। দুটি রাগেরই জাতি ষাড়ব-ষাড়ব। ৪। দুটি রাগই সন্ধিপ্রকাশ রাগ। ৫। দুটি রাগেই পঞ্চম স্বরটি বর্জিত।

### বৈসাদৃশ্য

**পূরিয়া**

১। এই রাগে বাদী-সমবাদী যথাক্রমে 'গ' ও 'নি'।
২। এই রাগ পূর্বাঙ্গবাদী রাগ।
৩। এই রাগ সায়ংকালীন সন্ধিপ্রকাশ রাগ।
৪। এই রাগের প্রকৃতি শান্ত-গম্ভীব।
৫। এই রাগের রে স্বরটি অতি কোমল।
৬। এই রাগে সা, নি় ধ়, ম̍ নি়ধ়, সা নি় রে সা। পূর্বাঙ্গে এই স্বরবিন্যাস পূরিয়া রাগের রূপকে পরিস্ফুট করে।
৭। ন্যাসস্বর - নি়, সা ও গ।
৮। পকড় - গ, নি় রে সা, নি় ধ় নি়, ম̍ ধ় রে সা।

**সোহিনী**

১। এই রাগে বাদী-সমবাদী যথাক্রমে 'ধ' ও 'গ'।
২। এই রাগ উত্তরাঙ্গবাদী রাগ।
৩। এই রাগ প্রাতঃকালীন সন্ধিপ্রকাশ রাগ।
৪। এই রাগের প্রকৃতি চঞ্চল।
৫। এই রাগের রে উত্তরাঙ্গে বেশী প্রয়োগ হয়।
৬। এই রাগের সাঁ রেঁ সাঁ রেঁ সাঁ, নি সাঁ। উত্তরাঙ্গে এই স্বরবিন্যাস সোহিনী রাগের রূপকে পরিস্ফুট করে।
৭। ন্যাসস্বর - গ, ধ ও সাঁ।
৮। পকড় - সাঁ নি ধ, নি ধ গ, ম̍ ধ নি সাঁ রেঁ সাঁ।

## ।। পূরিয়া - মারবা ।।

### সাদৃশ্য

১। দুটি রাগই মারবা ঠাটের অন্তর্গত। ২। দুটি রাগই পূর্বাঙ্গে গাওয়া হয় এবং ব্যবহৃত স্বর অর্থাৎ রে কোমল, ম̍ তীব্র ও পঞ্চম বর্জিত। ৩। দুটি রাগের জাতি - ষাড়ব-ষাড়ব এবং সায়ংকালীন সন্ধিপ্রকাশ রাগ। ৪। দুটি রাগেরই ঋষভ বৈশিষ্ট্যের দাবী রাখে। ৫। দুটি রাগই পূর্বাঙ্গে গাওয়া হয়।





### বৈসাদৃশ্য

**পূরিয়া**

১। এই রাগের প্রকৃতি শান্ত ও গম্ভীর।
২। এই রাগের ঋষভ অতি কোমল এবং নি রে সা এইভাবে বেশী প্রয়োগ হয়।
৩। নি় রে সা, নি় রে গ- নি় রে সা, গ ম̍ ধ গ ম̍ গ, স্বরসঙ্গতি মহত্ত্বপূর্ণ ।
৪। এই রাগে গান্ধার গুরুত্বপূর্ণ এবং বাদী স্বর।

**মারবা**

১। এই রাগের প্রকৃতি পূরিয়া অপেক্ষা চঞ্চল ও আশ্রয়রাগ।
২। এই রাগের ঋষভের স্থান ঈষৎ উঁচু এবং রে, নি় ধ, ম̍ ধ নি ধ সাঁ এই স্বরবিন্যাস মহত্ত্বপূর্ণ।
৩। রে নি় ধ় ম̍ ধ়নি়ধ় সা ধ ম̍ গ রে-, স্বর সঙ্গতি মহত্ত্বপূর্ণ।
৪। এই রাগে ঋষভ গুরুত্বপূর্ণ এবং বাদী স্বর।

## ।। টোড়ী - মূলতানী ।।

### সাদৃশ্য

১। দুটি রাগই টোড়ী ঠাটের অন্তর্গত। ২। দুটি রাগেই রে গ ধ কোমল এবং ম̍ স্বরটি তীব্র । ৩। দুটি রাগেরই প্রকৃতি শান্ত। ৪। দুটি রাগেরই অবরোহ সম্পূর্ণ অর্থাৎ কোন স্বর বর্জিত হয় না।

### বৈশাদৃশ্য

**টোড়ী**

১। এই রাগ উত্তরাঙ্গবাদী রাগ। বাদী-সমবাদী যথাক্রমে ধ ও গ।
২। এই রাগে পঞ্চম স্বরটি দুর্বল।
৩। দিনের প্রথম প্রহরে ভিন্নমতে দ্বিতীয় প্রহরে এই রাগ গাওয়া হয়।
৪। জাতি সম্পূর্ণ-সম্পূর্ণ।
৫। এই রাগে আরোহে কোন স্বর বর্জ্জিত হয় না, এই রাগটি আশ্রয় রাগ।
৬। রে হইতে গ এবং গ হইতে রে মীড় সহযোগে গাওয়া হয়।
৭। ন্যাসস্বর - রে, গ, ধ।
৮। পকড় - ধ় নি় সা, রে, গ রে, সা, ম̍, গ, রে গ, রে গ,রে সা।

**মূলতানী**

১। এই রাগ পূর্বাঙ্গবাদী রাগ। বাদী ও সমবাদী যথাক্রমে প, সা।
২। এই রাগে পঞ্চম স্বরটি প্রবল।
৩। দিনের চতুর্থ প্রহরে এই রাগ গাওয়া হয়।
৪। জাতি ঔড়ব-সম্পূর্ণ।
৫। আরোহে রে ও ধ বর্জিত এবং আশ্রয় রাগ নয়।
৬। এই রাগে গ স্বরটি সাধারণতঃ তীব্র ম̍ সহযোগে প্রয়োগ হয়।
৭। ন্যাসস্বর - সা, গ ও প।
৮। পকড় - নি় সা, ম̍ গ, প, ম̍ গ রে সা।